# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪৮. খৎনার বিবিধ মাসআলাগুলো কী কী?

১. কোন শিশু যদি মাতৃগর্ভ থেকেই লিঙ্গের মাথা খোলা অবস্থায় জন্ম নেয় তাহলে তার আর খাৎনা করার প্রয়োজন নেই।

২. কোন শিশু এটাকে অতিরিক্ত ভয় করলে খাৎনা বিলম্বে করতে কোন গোনাহ নেই ।

৩. খাৎনার জন্য কোন বালকের সতর খোলা জায়েয আছে। অনুরূপভাবে চিকিৎসার জন্য ডাক্তার রোগীর সতর খুলতে পারবে। তবে শুধু ঐ পরিমাণ খুলবে যতটুকু প্রয়োজন, এর বেশি নয় ।

৪. শুধু তিন কারণে মানুষকে কষ্ট দেওয়া জায়েয । আর তা হলো
(ক) তার উপকারের জন্য। যেমন- চিকিৎসা, অপারেশন ইত্যাদি।
(খ) বিধিসম্মত শাস্তি প্রদানের জন্য।
(গ) একান্ত প্রয়োজন অবস্থায়। এখানে খাৎনাজনিত কাজটি ঐ বান্দার জন্য বাধ্যতামূলক। তাই খাৎনা তার জন্য কিছুটা কষ্টকর হলেও তা করা জায়েয।

৫. খাৎনাবিহীন ব্যক্তি ইমামতি করতে শরী'আতে কোন বাধা-নিষেধ নেই ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন